**2021**

( Held in 2022 )

A.D.P. COLLEGE LIBRARY
Acc.no............
Dt ............
NAGAON : ASSAM

# BENGALI

Paper : BEN-HC-5026

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী উত্তর দাও : ১×১০=১০

(ক) শূন্যস্থান পূর্ণ করো:

''আমার চোখের পাতায় লেগে থাকে
নিকোনো উঠোনে
সারি সারি _____।''

(খ) 'সাকিন' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(গ) ''এই কবিতার জন্য আর কেউ নেই, শুধু তুমি,'' —এখানে কবি 'শুধু তুমি' বলতে কাকে বুঝিয়েছেন ?

(ঘ) 'হারাণের নাতজামাই' গল্পটি কোন্ আন্দোলনের পটভূমিতে রচিত ?

(ঙ) তারিণী কোন্ নদীতে খেয়া পারাপার করত ?

(চ) শিবচরণবাবু কোন্ গ্রামের জমিদার?

(ছ) 'পুঁইমাচা' গল্পের লেখক কে?

(জ) 'সাজানো বাগান' নাটকের দ্বিতীয় অঙ্কের মোট দৃশ্য সংখ্যা তিনটি / চারটি / পাঁচটি / ছয়টি।

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(ঝ) বাঞ্ছারামের নাতির নাম কী?

(ঞ) "খাঁটি কথা! এ ফলের বাগান হল গে জিলার মধ্যে সবেবাশ্রেষ্ঠ!" বক্তা কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কবি সুভাষ মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সাল লেখো।

(খ) "পিতা ও কন্যার মাঝখানে এই যে একটুখানি ছলনার অভিনয় হইয়া গেল,"—এখানে 'পিতা ও কন্যা' বলতে কাদের বোঝানো হয়েছে?

(গ) হারাণের ঘর কোন্ গ্রামের কোন্ পাড়ায় অবস্থিত?

(ঘ) "কত টাকা... কত টাকা দেবে তোকে ওই চাষার পো? পাঁচ টাকা? দশ টাকা..."—কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন?

(ঙ) নকড়ি দত্তের দুই যমজ ছেলের নাম কী?





৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'যত দূরে যাই' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

(খ) তাৎপর্য ব্যাখ্যা করো :

"পচা পাটে এঁদো ডোবা বিষধর ফণা  
ছেঁড়া কাঁথা-কাণি আর বেহুলা-যন্ত্রণা  
হু হু করা কালসন্ধ্যা ভেসে আসা গানে  
সায়ের ঝিয়ারি যায় অনন্ত ভাসানে।"

D.P. COLLEGE LIBRARY
Acc.no.
NAGAON : ASSAM

(গ) 'মহেশ' গল্পের ব্রাহ্মণ তর্করত্নের চরিত্র বিশ্লেষণ করো।

(ঘ) 'নোনাজল' গল্পে বর্ণিত খালাসিদের জীবনযাত্রা নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'সাজানো বাগান' নাটকের প্রথম দৃশ্য অবলম্বনে প্রেতাত্মা ছকঁড়ি দত্তের পরিচয় দাও।

(চ) "প্রতিমাসে পয়লা তারিখে দুখানা করে বড়ো পাত্তি দেবো।" —বক্তা কে? 'দুখানা করে বড়ো পাত্তি' বলতে এখানে কত টাকা নির্দেশ করা হয়েছে? সপ্রসঙ্গ আলোচনা করো।

৪। (ক) শক্তি চট্টোপাধ্যায়ের 'অবনী বাড়ি আছো?' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

*অথবা*

(খ) 'নীরার জন্য কবিতার ভূমিকা' কবিতা অবলম্বনে সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রেমচেতনার পরিচয় দাও।

৫। (ক) ‘পুঁইমাচা’ গল্পে গ্রামীণ সমাজ ও পারিবারিক জীবনের চিত্র কীভাবে ধরা পড়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ‘ফসিল’ গল্পের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) ‘সাজানো বাগান’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) ‘সাজানো বাগান’ নাটকের বাঞ্ছারাম চরিত্র বিশ্লেষণ করো।

৭। (ক) ‘সাজানো বাগান’ নাটকে প্রতিফলিত সমাজচিত্র অঙ্কন করো। ১০

*অথবা*

(খ) ‘তারিণী মাঝি’ গল্পের তারিণী মাঝির জীবনের করুণ পরিণতির স্বরূপ বিশ্লেষণ করো।

★★★

A.D.P. COLLEGE LIBRARY
Acc.no............
D' ............
...GAON : ASSAM